# লক্ষ্মীর ভাণ্ডার

## নারী ও শিশু বিকাশ এবং সমাজকল্যাণ দপ্তর

### প্রকল্পটির উদ্দেশ্য

এই রাজ্যের প্রতিটি পরিবারের প্রাপ্তবয়স্ক মহিলা সদস্যদের জন্য ন্যূনতম মাসিক আর্থিক সহায়তা প্রদান করা।

### কারা এই প্রকল্পটির সুবিধা পেতে পারেন

এই রাজ্যে বসবাসকারী যে কোনও পরিবারের ২৫ থেকে ৬০ বছর বয়সি মহিলা সদস্য যিনি সরকারি/ সরকারি নিয়ন্ত্রণাধীন সংস্থা/ বিধিবদ্ধ সংস্থা/ পঞ্চায়েত/ পৌর নিগম/ পৌরসভা/ স্থানীয় স্বশাসিত সংস্থা/ সরকার পোষিত শিক্ষা প্রতিষ্ঠান প্রভৃতিতে নিয়মিত কোনও চাকরি থেকে মাসিক উপার্জন করেন না, এই রূপ প্রত্যেক তপশিলি জাতি/ আদিবাসী জনজাতি পরিবারের মহিলা মাসিক ১০০০ টাকা এবং তপশিলি জাতি/ আদিবাসী জনজাতি পরিবার ভিন্ন অন্য পরিবারের মহিলা সদস্য মাসিক ৫০০ টাকা সহায়তা পাবেন।

### প্রকল্পে আবেদনের জন্য প্রয়োজনীয় নথি

১) আধার কার্ড-এর স্বপ্রত্যয়িত ফটোকপি;

২) তপশিলি জাতি/ আদিবাসী জনজাতি শংসাপত্র-র স্বপ্রত্যয়িত ফটোকপি (প্রযোজ্য হলে);

৩) আবেদনকারীর কেবলমাত্র নিজের নামে ব্যাঙ্ক অ্যাকাউন্ট থাকতে হবে এবং ব্যাঙ্কের পাশবই-এর স্বপ্রত্যয়িত ফটোকপি/ ক্যানসেলড চেক লাগবে;

৪) পাসপোর্ট মাপের রঙিন ছবি;

৫) নিম্নলিখিত বিষয়গুলি উল্লেখকরে একটি আবেদনকারীর স্ব-স্বাক্ষরিত ঘোষণাপত্র:

- ক) আবেদনকারী পশ্চিমবঙ্গের অধিবাসী;
- খ) তিনি কোনও সরকারি/সরকারি নিয়ন্ত্রাধীন সংস্থা/বিধিবদ্ধ সংস্থা/পঞ্চায়েত/পৌর নিগম/ পৌরসভা/স্থানীয় স্বশাসিত সংস্থা/সরকার পোষিত শিক্ষা প্রতিষ্ঠান প্রভৃতিতে নিয়মিত কোনও চাকরি থেকে মাসিক উপার্জন করেন না;
- গ) আবেদনপত্রে দাখিল করা সকল তথ্য সত্য।

৬) আধার প্রমাণীকরণের জন্য সম্মতিপত্র

### যোগাযোগ

বিশদ জানার জন্য wbcdwdsw.gov.in এই ওয়েবসাইটটি দেখুন এবং দুয়ারে সরকার ক্যাম্পে যোগাযোগ করুন।

**পশ্চিমবঙ্গ সরকার**